

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, রমযানের তারাবীহ সালাত সুন্নাত নয়- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن صلاةَ النَّاسِ التَّرَاوِيحَ فِي شَهْرِ رَمَضانَ لَيْسَتْ سنة

আরবী

2536 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِا يُونُسُ عَنِ ابْنِ شِهَابِ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبْيْرِ أَنَّ عَائِشَةَ ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزَّبْيْرِ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتْهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مِنْ جَوْفِ اللَّيْلِ فِي الْمَسْجِدِ فَصَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مِنْ جَوْفِ اللَّيْلِ فِي الْمَسْجِدِ فَصَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَي اللَّيْلَةِ النَّاسُ يَتَحَدَّثُونَ بِذَلِكَ فَاجْتَمَعَ أَكْثُرُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي اللَّيْلَةِ التَّالِثَةِ فَصَلَّوا بِصَلَاتِهِ فَأَصْبَحَ النَّاسُ يَتَذَاكَرُونَ ذَلِكَ فَكَثُرَ أَهْلُ عَلَيْهِ وَسَلَّمَ فِي اللَّيْلَةِ التَّالِثَةِ فَخَرَجَ يُصَلِّي بِهِمْ فَصَلَّوْا بِصَلَاتِهِ فَلَمَّا كَانَتِ اللَّيْلَةُ الرَّابِعَةُ الْمُسْجِدِ مِنَ اللَّيْلَةِ التَّالِثَةِ فَخَرَجَ يُصَلِّي بِهِمْ فَصَلَّوْا بِصَلَاتِهِ فَلَمَّا كَانَتِ اللَّيْلَةُ الرَّابِعَةُ الْمَسْجِدِ مِنَ اللَّيْلَةِ التَّالِثَةِ فَخَرَجَ يُصَلِّي بِهِمْ فَصَلَّوْا بِصَلَاتِهِ فَلَمَّا كَانَتِ اللَّيْلَةُ الرَّابِعَةُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى خَرَجَ لِصَلَاةِ عَجْزَ الْمَسْجِدِ عَنْ أَهْلِهِ فَلَمْ يَخْرُجُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى خَرَجَ لِصَلَاةِ الْقَجْرِ فَلَمَّا قَضَى الْفَجْرَ فَلَمَ عَلَى النَّاسِ ثُمَّ تَشَهَّدَ فَقَالَ: (أَمَّا بَعْدُ إِنَّهُ لَمْ يَخْفَ عَلَيَ

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2536 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1243): ق.

বাংলা

২৫৩৬. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মধ্যরাতে বের হন এবং মাসজিদে সালাত আদায় করেন। কিছু সাহাবীও তাঁর সাথে সালাত আদায় করেন। অতঃপর লোকজন সকাল বেলায় এটা নিয়ে আলোচনা করেন। ফলে পরের রাতে আরো অধিক সংখ্যক লোক



জমায়েত হন। দ্বিতীয় রাতেও তিনি বের হন এবং সালাত আদায় করেন। লোকজনও তাঁর সাথে সালাত আদায় করেন। অতঃপর লোকজন সকাল বেলায় এটা নিয়ে আলোচনা করেন। ফলে তৃতীয় রাতে মাসজিদের মুসল্লী আরো বৃদ্ধি পায়। তৃতীয় রাতেও তিনি বের হন এবং সালাত আদায় করেন। লোকজনও তাঁর সাথে সালাত আদায় করেন।

এভাবে যখন চতুর্থ রাত হল আর এত মানুষ জড়ো হল যে মসজিদে স্থান সংকুলান হয়নি। এ রাতে আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বের হলেন না। অতঃপর তিনি ফজরের সালাত আদায় করার জন্য বের হন। যখন তিনি ফজরের সালাত শেষ করেন, তখন তিনি সাহাবীদের মুখোমুখি হন তারপর হামদ-সানা পাঠ করেন অতঃপর বলেন, "আম্মা বা'দ। নিশ্চয়ই তোমাদের রাতের কর্মকান্ড আমার কাছে গোপন ছিল না। কিন্তু আমি আশংকা করেছি যে, সালাতুল লাইল তোমাদের উপর ফর্য করে দেওয়া হবে, অতঃপর তোমরা তা পালনে অক্ষম হয়ে যাবে।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৪৯৩; সহীহ আল বুখারী: ৯২৪; তাবারানী আস সাগীর: ৫২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭০; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ৩/১৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন